# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৬২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক ও ‘উমার ফারূক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب مَنَاقِبِ أَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ الْمَسْجِدَ لَمْ يَرْفَعْ أَحَدٌ رَأْسَهُ غَيْرُ أَبِي بَكْرٍ وَعُمَرَ كَانَا يَتَبَسَّمَانِ إِلَيْهِ وَيَتَبَسَّمُ إِلَيْهِمَا رَوَاهُ التِّرْمِذِيُّ. وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

اسناده ضعیف ، رواه الترمذی (3668) * فیه الحکم بن عطیة ضعیف ضعفه الجمھور و روی عنه ابوداؤد (الطیالسی) احادیث منکرة (راجع تھذیب التھذیب وغیره) ۔
(ضَعِيف)

বাংলা

৬০৬২-[৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন মসজিদে প্রবেশ করতেন, তখন আবূ বকর এবং ’উমার ছাড়া আর কেউই মাথা উঠাতেন না। তাঁরা উভয়ে তাঁর দিকে চেয়ে হালকা হাসতেন এবং তিনিও তাঁদের প্রতি চেয়ে হালকা হাসতেন। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব]

ফুটনোট

য'ঈফ: তিরমিযী ৩৬৬৮; কারণ ইবনু ‘আত্বিয়্যাহ সত্যবাদী তবে অনেক ভুল করত, হিদায়াতুর রুওয়াত ৫/৪১০ পৃ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلَا يَرْفَعُ إِلَيْهِ أَحَدٌ مِنْهُمْ بَصَرَهُ)সাহাবীদের কেউ শ্রদ্ধায় তার দিকে চোখ তুলে তাকাতে পারতেন না। (يَتَبَسَّمَانِ إِلَيْهِ وَيَتَبَسَّمُ إِلَيْهِمَا)লুম'আতে এ প্রসঙ্গে বলা হয়েছে, এটা হলো স্বভাবগত ভালোবাসা। বিশেষ করে, তাদের উভয়ে যখন একে অপরের দিকে তাকাতেন তখন তারা মুচকি হাসতেন।
মিরকাতুল মাফাতীহে বলা হয়েছে, তাদের উভয়ের মাঝে পূর্ণ প্রফুল্লতাকে রূপকভাবে বলা হয়েছে মুচকি হাসি। হাফিয আদ দিমাশকী (রহিমাহুল্লাহ) বলেন, আবূ হুরায়রাহ্ (রাঃ) বলেন, আমরা নবী (সা.) -এর সামনে এমনভাবে বসে থাকতাম যেন আমাদের মাথার উপর পাখি এসে বসেছে আর আমাদের মাঝে আবূ বাকর ও ‘উমার (রাঃ) ছাড়া কেউ কথা বলতেন না। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আওয়ামী ৯/৩৬৭৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন